দৈনিক ইত্তেফাক

24 MAR 1987
তারিখ ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 5 ...

ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধে সংসদীয় কমিটি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ শিক্ষাঙ্গনে বোমাবাজি, সন্ত্রাসরোধ এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে এবং এ সম্পর্কে সংসদে গৃহীত সিদ্ধান্ত প্রস্তাব বাস্তবায়নকল্পে সুপারিশ প্রণয়নের জন্য ২০ সদস্যবিশিষ্ট একটি সংসদীয় কমিটি গঠন করা হইয়াছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম, এ, মতিন এই কমিটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন। জাতীয় সংসদের স্পীকার শামসুল হুদা চৌধুরী গতকাল (সোমবার) জাতীয় সংসদের সকালের অধিবেশনে ২০ সদস্যবিশিষ্ট এই সংসদীয় কমিটির সদস্যদের নাম ও আলোচনার শর্তসমূহ তুলিয়া ধরেন, কমিটির টার্মস অব রেফারেন্স হইবে পাঁচটি। এইগুলি হইতেছে শিক্ষাঙ্গনকে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সংসদীয় কমিটি

(১ম পৃঃ পর)

বোমা ও অস্ত্রমুক্ত করা, সংসদে গৃহীত সিদ্ধান্ত প্রস্তাব বাস্তবায়নকল্পে পদ্ধতি নির্ধারণ, বোমা ও বিস্ফোরক আইনের সংশোধনের সুপারিশ, বিশ্ববিদ্যালয়সহ শিক্ষাঙ্গনে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ করা এবং সেশন জট নিরসনের উপায় উদ্ভাবন করা। কমিটির সদস্যগণ হইতেছেনঃ উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, তথ্যমন্ত্রী আনোয়ার জাহিদ, জ্বালানি মন্ত্রী আনোয়ার হোসেন, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান, শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার, ঢাকা মিউনিসিপ্যাল করপোরেশনের প্রশাসক কর্ণেল (অবঃ) এম, এ মালেক, জাতীয় পার্টির সৈয়দ মোহাম্মদ কায়সার, মেজর (অবঃ) হাফিজ উদ্দিন, সৈয়দ আবু হোসেন বাবলা, মোহাম্মদ আলী, তাজুল ইসলাম, মিসেস পারভীন মনোয়ার, আওয়ামী লীগের আবদুল জলিল, তোফায়েল আহমদ, অধ্যক্ষ আবুল কালাম মজুমদার, জাসদের (রব) আ,স,ম, আবদুর রব, জাসদের (সিরাজ) মীর্জা সুলতান রাজা, সিপিবি'র মোহাম্মদ ফরহাদ, ন্যাপের সৈয়দ আলতাফ হোসেন, মুসলিম লীগের আয়েন উদ্দিন, জামায়াতের অধ্যাপক মুজিবুর রহমান ও ওয়ার্কার্স পার্টির মিজানুর রহমান মানু।